

সম্পাদকীয় / Editorial

আকাশে বজ্রগর্ভ মেঘের ভুকুটি শিথিল হতেই মেঘের কোলে উঁকি মারছে সোনালী রোদ্দুর। নীল আকাশে ভেসে বেড়াচ্ছে সাদা মেঘের ভেলা। ফিনফিনে বাতাসে মাথা দোলাচ্ছে কাশ ফুল। মায়ের আগমনীবার্তার শিহরণ লেগেছে গ্রামবাংলার তন্ত্রীতে তন্ত্রীতে।

বিশ্বচেতনার প্রতিটি প্রকাশ, সৃষ্টির প্রতিটি রূপের মধ্যে চিরস্পন্দিত রয়েছে পরমব্রহ্মের অন্তর্লীন আদ্যাশক্তির সেই শাস্ত্রত প্রণবধ্বনি। সৃষ্টির আদি তত্ত্ব এই “মা”।

আদ্যাশক্তি মা তাই নিত্য—‘তাঁর আদি নেই, তাঁর অন্ত নেই, এই বিশ্বচরাচরের প্রকাশই তাঁর শাস্ত্রত মূর্তি। তিনি পরমাশক্তিস্বরূপা, জ্যোতির্ময়ী মহাবিদ্যাস্বরূপিনী, দুর্গাহারিণী দেবী দুর্গা, সকল ঋদ্ধি-সিদ্ধির কারক।

সনাতন ধর্মের পালন ও পুষ্টির জন্য ও তাঁর সৃষ্টিমাধুর্যকে রক্ষা করতে বারেবারে তিনি ধরাধামে আসেন নানারূপে। আর্তজীবের করুণ আহ্বানে করুণাপাথার জননী অবতীর্ণ হন কখনও শ্রীশ্রী কালিকারূপে, আবার কখনও শ্রীশ্রী শারদারূপে।

আর্তপীড়িত জীব সংসারজালে আবদ্ধ হয়ে মুক্তির জন্য যখন ক্রন্দন করে ওঠে, মুক্তিদাত্রী মা তখন তাদের আশ্রয় প্রদান করেন। আবার মাতৃকূপাধন্য সাধক যখন আত্মদর্শী হয়ে স্থিতপ্রজ্ঞ হন, তখন চেতনার আলোকে তিনি উপলব্ধি করেন যে আমাদের মা প্রকৃতরূপে বিশ্বজননী, বিশ্ববিধাতৃ।

তাই আত্মদর্শী মাতৃনাম-বিভোর সাধক আমাদের সকলের হয়ে মাতৃচরণে সতত আকুল প্রার্থনা জানায়—“মা! আমাদের আলোকদিশা প্রদান কর। সত্যের পথে, জ্ঞানের পথে, আত্মবোধের পথে পথিক কর। তোমার মঙ্গলময় করস্পর্শে আমাদের আত্মিক উত্তরণ হউক মা”।

জয় মা



Streaks of golden sunlight have started to play hide and seek in the blue sky as the thunderous clouds lift their ominous veil from the horizon. Masses of ultra white clouds have started gliding lazily across while shafts of “kash” flowers sway their heads in the gentle breeze. The scintillating air tingle the inner core of rural Bengal as the advent of Mother Goddess announces its pious arrival.

The supreme energy that effuses from the core of the Brahman pervades every manifestation in this universe and reverberates inside every creation as a sublime vibration that is “omkar”. The all pervading existence of Mother is thus fundamental to the concept of consciousness.

Mother is eternal; She has neither any beginning, nor any culmination. She is the ultimate power, the ultimate knowledge, the ultimate consciousness. She is Devi Durga, the deliverer and the sublime cause and conclusion of everything that takes place in this universe.

She descends on this earth again and again to shelter Her creatures from all that is evil, to stimulate us towards embracing and fostering the ultimate truth. Full of compassion towards everybody who beseeches Her blessings, She manifests Herself sometimes as Devi Kalika and sometimes as Devi Durga.

Mother is everywhere. When we are torn between the strives of our daily existence and look up to Her to seek Her blessings, She gives us solace as our beloved Mother. Again, when the enlightened saint visualizes Her through his consciousness, he realizes that She is the supreme power that controls everything that is present in this universe.

On the auspicious occasion of Navaratri, let the enlightened sage offer humble homage to Her golden feet on our behalf and pray to Her to ignite the spark of spiritual awakening amidst us and to guide us in the path of knowledge, truthfulness and self realization.

JAI MAA